Vol. XXXIX

Council Debates

OFFICIAL REPORT

West Bengal Legislative Council

Thirty-Ninth Session

(July, 1967)

(From 3rd July to 31st July, 1967)

(The 3rd, 4th, 5th, 6th, 7th, 10th, 12th, 14th,
27th & 31st July, 1967)

Published by authority of the Council under Rule 234 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Council

Price Rs.272/-

Vol. XXXIX

Council Debates

OFFICIAL REPORT

West Bengal Legislative Council

Thirty-Ninth Session

(July, 1967)

(From 3rd July to 31st July, 1967)

(The 3rd, 4th, 5th, 6th, 7th, 10th, 12th, 14th, 27th & 31st July, 1967)

Published by authority of the Council under Rule 234 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Council

GOVERNMENT OF WEST BENGAL

GOVERNOR

SHRI DHARAM VIRA

MEMBERS OF THE COUNCIL OF MINISTERS

Shri AJOY KUMAR MUKHOPADHYAY, M.L.A., Chief Minister and Minister-in-charge. General Administration, Political, Police, Defence, Special and Anti-Corruption Branches of Home Department.

Shri JYOTI BASU, M.L.A., Deputy Chief Minister and Minister-in-charge, Department of Finance and Home (Transport)

Shri SOMNATH LAHIRI, M.L.A., Minister-in-charge, Parliamentary Affairs, Information and Public Relations and Local Self-Government Departments.

Shri HEMANTA KUMAR BASU, M.L.A., Minister-in-Charge, Department of Public Works including Roads and Construction Board and the Housing Department.

*Dr. PRAFULLA CHANDRA GHOSH, M.L.A., Minister-in-Charge, Department of Food and Supplies and Agriculture Branch of Agriculture and Community Development Department.

---

* Resigned as minister on 6th November 1967.

Shri JEHANGIR KABIR, M.L.A., Minister-in-charge, Development and Planning and Forest Departments.

Shri HARE KRISHNA KONAR, M.L.A. Minister-in-Charge, Land and Land Revenue Department.

Shri BISWANATH MUKHERJEE, M.L.C., Minister-in-Charge, Irrigation and Waterways Department.

Shri SUSHIL KUMAR DHARA, M.L.A., Minister-in-Charge, Department of Commerce and Industries and Community Development Branch of Agriculture and Community Development Department.

Shri AMAR PRASAD CHAKRABORTY, M.L.C., Minister-in-Charge Departments of Excise, Judicial and Legislative and Press and Passport Branch of Home Department.

Shri NANI BHATTACHARYA, M.L.A., Minister-in-Charge, Department of Health.

Shri NIRANJAN SEN GUPTA, M L.A., Minister-in-Charge, Department of Refugee Relief and Rehabilitation and Home (Jails) Department.

Shri BIBHUTI BHUSAN DAS GUPTA, M.L.A., Minister-in-charge of the Panchayats Department and Social Welfare Branch of Re.ief and Social Welfare Department.

Shri DEOPRAKASH RAI, M.L.A., Minister-in-charge of Tribal Welfare Department.

MINISTERS OF STATE

Shri JYOTI BHUSAN BHATTACHARYA, M.L.A. Minister-in-charge, Department of Education.

Shri SUBODH BANERJEE, M.L.A., Minister-in-charge, Department of Labour.

Shri KASHI KANTA MAITRA, M.L.A., Minister-in-charge, Departments of Animal Husbandry and Veterinary Services, Fisheries and Cottage and Small Scale Industries.

Shri NISITHA NATH KUNDU, M.L.A., Minister-in-charge, Department of Co-operation and Relief Branch of the Department of Relief and Social Welfare.

Shri CHARU MIHIR SARKAR, Minister-in-charge of the Defence and the Civil Defence Branches of the Home Department and the Commerce and the Industrial and Technical Training Branches of the Department of Commerce and Industries.

WEST BENGAL LEGISLATIVE COUNCIL

PRINCIPAL OFFICERS AND OFFICIALS

The Chairman	: Dr. Pratap Chandra Guha Ray.
Deputy Chairman	: Shri Upendra Nath Barman

SECRETARIAT

Secretary	: Shri Prititosh Roy, M.A., LL.B., Higher Judicial Service.
Deputy Secretary	: Shri A.K. Chunder, B.A. (Hons) (Cal), M.A., LL.B. (Cantab), LL.B. (Dublin), Barrister-at-law.
	: Shri Syamapada Banerjee, B.A., LL.B.
	: Shri Rafiqul Haque, B.A., LL.B.
Assistant Secretary.	: Shri Khagendra Nath Mukherjee, B.A., LL.B.
	: Shri Bimal Chandra Bhattacharyya, B.A., LL.B.
	: Shri Anil Chandra Chaterji.
	: Shri Sankar Prosad Mukherjee, B.A.
Registrar	: Shri Debavrata Chakravarty, B.A.
Editor of Debates	: Shri Paritosh Majumdar, B.A.

ALPHABETICAL LIST OF MEMBERS

A

1. Abdul Bari Biswas, Shri (Murshidabad Local Authorities.)

2. Abdullah Rasul, Shri Md. (Elected by M.L.As.)

3. Acharyya, Shri Snehangshu Kanta (Elected by M.L.As.)

B

4. Bagchi, Shri Nirmalya (West Bengal South-West Graduates)

5. Banerjee, Dr. Anil Chandra (Nominated)

6. Banerjee, Shri Monmotho Nath (24-Parganas Local Authorities.)

7. Banerjee, Shri Nandalal (Calcutta Local Authorities.)

8. Banerjee, Shri Sudhir Kumar (Elected by M.L.As.)

9. Barman, Shri Upendranath (Elected by M.L.As.)

10. Bhattacharya, Shri Dhirendra Nath (Purulia Local Authorities.)

11. Bhattacharyya, Dr. Janaki Ballabha (24-Parganas Local Authorities.)

12. Bhattacharyya, Shri Nirmal Chandra (Elected by M.L.As.)

13. Bhattacharyya, Shri Santosh Kumar (West Bengal South-East Teachers.)

14. Bisi, Shri Promotho Nath (Nominated)

15. Bose, Shri Nirmal (Elected by M.L.As.)

ALPHABETICAL LIST OF MEMBERS

C

16. Chakrabarty, Shri Naren (Malda Local Authorities.)
17. Chakrabarty, Shri Amar Prasad (Elected by M.L.As.)
18. Chakravarti, Shri Byomkesh (West Dinajpur Local Authorities.)
19. Chakraverty, Shri Rajkumar (24-Parganas Teachers.)
20. Chakravarty, Shri Jatin (Elected by M.L.As.)
21. Chatterjee, Shrimati Ava (Elected by M.L.As.)
22. Chatterjee, Shri Lalit Mohan (Howrah Local Authorities)

D

23. Das, Shri Narendra Nath (Calcutta Graduates.)
24. Das, Shrimati Santi (Elected by M.L.As.)
25. Debi, Shrimati Anila (Calcutta Teachers.)
26. Dutt, Shri Kumar (Calcutta Local Authorities.)
27. Dutta, Shri Sukumar (Elected by M.L.As.)

E

28. Esmail Ebrahim, Dr (Elected by M.L.As.)

G

29. Ganguly, Shri Biswaratan (Howrah Local Authorities.)
30. Ghatak, Shri Bibhuti Bhusan (Bankura Local Authorities.)
31. Ghose, Shri Kali Charan (Hooghly Local Authorities.)
32. Ghose, Shri Nanda Kishore (Calcutta Graduates)

ALPHABETICAL LIST OF MEMBERS

33. Ghosh, Shri Pijush Chandra (24-Pgs. Local Authorities.)

34. Ghosh, Shri Ashutosh (Elected by M.L.As.)

35. Ghosh, Dr. Rudranath (Burdwan Local Authorities.)

36. Ghosh, Dr. Sarala (Nominated.)

37. Guha Ray, Dr. Pratap Chandra (Elected by M.L.As.)

38. Gupta, Shri Monoranjan (Elected by M.L.As.)

39. Gurung, Shri Nar Bahadur (Elected by M.L.As.)

H

40. Haldar, Shri Gopal (Calcutta Graduates)

M

41. Manna, Shri Rebati Raman (West Bengal South East Graduates.)

42. Mohanta, Shri Ramdas Ramanujdas (Midnapore Local Authorities.)

43. Mohiuddin Ahmed, Hazi (Nominated)

44. Moitra, Shri Dhirendra Nath (Jalpaiguri Local Authorities.)

45. Mondal, Shri Dhajadhari (Elected by M.L.As.)

46. Mookerjee, Shri Kedar Nath (Nominated.)

47. Mukherjee, Shri Bamandas (Burdwan Local Authorities)

48. Mukherjee, Shri Biswanath (Elected by M.L.As.- Calcutta.)

49. Mukherjee, Shri Biswanath (Elected by M.L.As.-Midnapore).

50. Mukherjee, Shri Sudhindra Nath (Hooghly Local Authorities.)

ALPHABETICAL LIST OF MEMBERS

51. Mukhopadhay, Shri Debendra Kumar. (Birbhum Local Authorities.)

52. Mukutmoni, Shri Barada (Elected by M.L.As.)

N

53. Naskar, Shri Amalendu Sekhar (24-Pgs Local Authorities.)

54. Niyogi, Shri Sudhir Chandra (Cooch Behar Local Authorities.)

P

55. Pal, Dr. Ras Behari (Midnapore Local Autorities)

56. Paul, Shri Makhan (Elected by M.L.As.)

57. Prasad, Shri R.S (Darjeeling Local Authorities)

R

58. Rezaul Karim, Shri (Elected by M.L.As.)

59. Roy, Dr. Biswaranjan (Nadia Local Authorities)

60. Roy, Shri Chittaranjan (Midnapore Local Authorities)

61. Roy, Shri Satya Priya (Calcutta Teachers)

S

62. Sanyal, Dr. Charu Chandra (West Bengal North Graduates)

63. Saraogi, Shri Gobindalal (Nominated.)

64. Sarawgi, Shri Dharam Chand (Elected by M.L.As.)

65. Sen, Shrimati Reba (Nomited)

ALPHABETICAL LIST OF MEMBERS

66. Sen, Shri Subodh (Elected by M.L.As.)
67. Sen Gupta, Shri Manoranjan (West Bengal South-West Teachers)
68. Sikdar, Shri Rabindranath (Elected by M.L.As.)
69. Singh, Shri Ram Lagan (Elected by M.L.As.)
70. Singha, Shri Jatindra (West Bengal North Teachers)
71. Sinha, Shri Durgapada (Murshidabad Local Authorities.)
72. Sinha, Shri Rabindralal (Elected by M.L.As.)
73. Sirkar, Shri Amulya Chandra (Calcutta Local Authorities.)
74. Vacant .. .. .. (Nominated).
75. Vacant .. .. .. (Nominated).

COUNCIL DEBATES

Monday, the 3rd July, 1967

The Council met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Monday the 3rd July, 1967 at 3 p.m. being the 3rd day of the Fortieth Session, under the Constitution of India.

Mr. Chairman : (Dr. Pratap Chandra Guha Ray) was in the Chair.

[3-00 — 3-10 p.m.]

Starred Questions

(to which oral answers were given)

State Forensic Science Laboratory

***13. Shri Nirmalya Bagchi :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) (i) The date of superannuation of the present Director of State Forensic Science Laboratory ;

(ii) The period or periods for which he has been under re-employment ;

(iii) The date of expiry of his present period of re-employment.

(b) (i) if there was any post of the Deputy Director of the Forensic Laboratory ;

(ii) if so, the date of its creation ; and

(iii) if the post has been abolished, the reasons thereof ?

Shri Ajoy Kumar Mukhopadhyay :

(a) (i) 31st May, 1952, as the Head of the Department of Chemistry in the Presidency College, Calcutta.

(ii) For the month of June, 1952 in the Education Department of this Govt. and since 1.7.52 he is a Director of the Forensic Science Laboratory on contract service.

(iii) 31st March, 1968 or until the appointment of a new Director whichever is earlier.

(b) (i) No.

(ii) Does not arise.

(iii) Does not arise.

শ্রী নির্মাল্য বাগচী ঃ মাননীয় মুখ্যমন্ত্রী কি বলবেন এই ভাগ্যবান ব্যক্তিটির নাম কি, তার বয়স কত এবং তার যোগ্যতা কি?

শ্রী অজয়কুমার মুখোপাধ্যায় ঃ নাম ডঃ এন, কে, সেন। সুপারঅ্যানুয়েটেড হয়েছিলেন ১৯৫২এ। বয়সটা এখন ঠিক বলতে পারব না।

শ্রী নির্মাল্য বাগচী ঃ তাঁর বয়স ৭০ বছর কি?

শ্রী অজয়কুমার মুখোপাধ্যায় ঃ হ্যাঁ, তা হতে পারে।

শ্রী নির্মাল্য বাগচী ঃ মাননীয় মুখ্যমন্ত্রী কি বলবেন, উনি এখন পে অ্যান্ড অ্যালাউয়েন্সে কত ড্র করেন?

শ্রী অজয়কুমার মুখোপাধ্যায় ঃ এটা এখন বলতে পারব না। নোটিস চাই।

শ্রী নির্মাল্য বাগচী ঃ মাননীয় মুখ্যমন্ত্রী কি বলবেন, এর সাথে কন্ট্রাক্ট সার্ভিসের যে টার্মস হয়েছিল সেটা কি এবং কতবার কন্ট্রাক্ট রিনিউয়াল হয়েছে?

শ্রী অজয়কুমার মুখোপাধ্যায় ঃ আমার কাছে যা তথ্য আছে, সেটা আমি পড়ে দিচ্ছি।

The post of the Director, Forensic Science Laboratory, West Bengal, was advertised and Dr. N.K. Sen, former Head of the Department of Chemistry, Presidency College, was selected by a

Committee of Experts and he was given, after retirement, contract employment in the post of the Director, Forensic Science Laboratory, for a period of 5 years with effect from 1.7.52. His period of service was renewed from time to time after the expiry of the original one. It is thus not an ordinary case of Government servant being retained for Government service on re-employment after retirement.

An attempt was made in 1962 to select Dr. Sen's successor and with Cabinets approval a Committee of Experts was appointed for the purpose. After open advertisement the Committee selected Dr. Tarakeswar Chakravarty as understudy to Dr. Sen (as Special Officer) for a period of one year (extensible by six months, if necessary) and recommended that his appointment as Director (in lieu of Dr. Sen) might be considered after that period in the light of his performance as Special Officer. Reports were obtained on Dr. Chakravarty's work from time to time but this did not go to show that Dr. Chakravarty could be declared as an "expert" in the line. Thereafter on expiry of 1½ years, it was decided that another Committee would interview Dr. Chakravarty and review his performance in the laboratory in order to find out whether he could be adjudged as suitable for appointment as Director. Dr. N.K. Sen was not on this Committee which consisted of the following persons :-

(1) Dr. R. L. Sen Gupta : Head of the Department of Physics, Presidency College, Calcutta.

(2) Dr. P.C. Rakshit : Member, Public Service Commission and formerly of Department of Chemistry,

Presidency College, Calcutta.

(3) Dr. Ghatak : Forensic Science Laboratory, Agra

(4) Inspector General of Police, West Bengal.

The Committee did not find Dr. Chakravarty suitable for appointment as Director. At that time of inviting applications in the past it had been stipulated that although the selected person would be under the contract for five years, he would initially work as Special Officer (in the same pay scale as that of the Director) for a minimum period of one year (extensible by six months, if necessary) in order that he might be adjudged to be suitable for the post. In case he was not adjudged to be so suitable his contract should be deemed to be terminated.

The post of the Special Officer, Forensic Laboratory was created to provide Dr. Tarakeswar Chakravarty with effect from 1.3.62. The post was abolished after reversion of the incumbent after 1½ years.

It has been decided that the selection of a new Director should be made by a Committee of specialists in terms of Regulation 6 of the West Bengal Public Service Commission (Consultation by Governor) Regulations, 1955, consisting of :

(1) Dr. N. K. Iyanger : Director, Central Forensic Science Laboratory.

(2) Head of the Department of Physics, Presidency College, Calcutta.

(3) A Member of the Public Service Commission, West Bengal.

(4) The Inspector General of Police, West Bengal.

All the processes of selection will take about three months. The selected candidate will be on probation for six months as Special Officer and on the expiry of this period he will be appointed Director. Steps are being taken to advertise the post and appoint a Specialists Committee.

শ্রী নির্মলচন্দ্র ভট্টাচার্য্য ঃ অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি জানেন ডঃ এস, কে, সেন একজন ডি.এসসি ফেলো অব দি রয়াল ইনস্টিটিউট অব কেমিস্ট্রি অ্যান্ড ফেলো অব দি ন্যাশনাল ইনস্টিটিউট।

শ্রী অজয়কুমার মুখোপাধ্যায় ঃ যখন তাঁকে ভর্তি করা হয় তখন সেসব ছিল, আমি তা কিছু জানিনা।

শ্রী নির্মলচন্দ্র ভট্টাচার্য্য ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যখন 'ভূটানে দোর্জি মার্ডার কেস হয়েছিল এবং এইচ এম সান্যাল মার্ডার কেস হয়েছিল তখন ডঃ এন কে সেনকে বিশেষজ্ঞ হিসাবে ডাকা হয়েছিল দিল্লিতে?

শ্রী অজয়কুমার মুখোপাধ্যায় ঃ তা আমার জানা নেই।

শ্রী নির্মলচন্দ্র ভট্টাচার্য্য ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে উনি এখন পেনশন পান ৩৪০ টাকা এবং তাছাড়া আর পান ৪২০ টাকা, সর্বসমেত পান ৭৬০ টাকা কিন্তু নূতন গ্রেড যা করেছেন ডিরেক্টারের তা আরও অনেক বেশি?

[3-10 — 3-20 p.m.]

শ্রী নির্মাল্য বাগচী ঃ স্যার, ইজ হি নট সাপ্লাইং ইনফরমেশন?

শ্রী নির্মলচন্দ্র ভট্টাচার্য্য ঃ মন্ত্রী মহাশয় কি এগুলির উত্তর দেবেন?

শ্রী অজয়কুমার মুখোপাধ্যায় ঃ আমি এগুলি জানিনা।

শ্রী নির্মলচন্দ্র ভট্টচার্য্য ঃ মন্ত্রী মহাশয় কি জানেন আমাদের বাংলাদেশে যখন ফোরেন্সিক ল্যাবোরেটরি হয় এটাই ভারতবর্ষের মধ্যে প্রথম ফোরেন্সিক ল্যাবোরেটরি এবং এটা এন. কে. সেন করেছিলেন?

শ্রী অজয়কুমার মুখোপাধ্যায় ঃ হ্যাঁ।

শ্রী নির্মলচন্দ্র ভট্টাচার্য্য ঃ ভারতবর্ষের অন্যান্য জায়গায় যে ফোরেন্সিক ল্যাবোরেটরি হয়েছে তাতে কি এই এন. কে. সেনের পরামর্শ নেওয়া হয়েছে?

শ্রী অজয়কুমার মুখোপাধ্যায় ঃ হ্যাঁ।

শ্রী যতীন চক্রবর্তী ঃ মন্ত্রী মহাশয় হিসেব করে বলবেন কি যে এই ভদ্রলোকের বয়স ৭০ বছর, না ৭২ বছর?

শ্রী অজয়কুমার মুখোপাধ্যায় ঃ আপনি যোগ করে দেখবেন।

শ্রী নির্মাল্য বাগচী ঃ ডাজ দি চীফ মিনিস্টার কন্সিডার দ্যাট দিস জেন্টলম্যান ইজ ইনডিসপেনসেবল?

শ্রী অজয়কুমার মুখোপাধ্যায় ঃ না। আমরা একে বদল করবার চেষ্টা করছি। আমরা অ্যাডভার্টাইজ করেছি এবং কমিটি করে দিয়েছি। এরা ভাল লোক যেমন পাবেন নেবেন। এবারে আমরা টেম্পোরারি করব না, প্রোবেশনে ৬ মাস রেখে পার্মান্যান্ট করব।

শ্রী নির্মলচন্দ্র ভট্টাচার্য্য ঃ মন্ত্রী মহাশয় কি জানেন যে বেলগাছিয়ায় ফোরেন্সিক ল্যাবোরেটরি যে নূতন বাড়ি তৈরি হয়েছে সেটা এই সেন-এর স্পেসিফিকেশন অনুসারেই তৈরি হয়েছে এবং সেখানে চলে যাবার পর তিনি চাকুরি ছেড়ে দেবেন এই ইচ্ছা প্রকাশ করেছেন?

শ্রী অজয়কুমার মুখোপাধ্যায় ঃ আমরা কতদিন রাখব সেটা হচ্ছে কথা, তিনি ছেড়ে দেবেন কিনা সেটা কথা নয়।

Services of Officers of Commissioner's Rank

***14. Shri Jatin Chakravorty :** Will the Minister-in-charge of the Home (General Administration) Department be pleased to state—

(a) The services of how many Officers of Commissioner's rank have been placed at the disposal of the Government of India during the past two months and a half ;

(b) their names and designations at the time of transfer; and

(c) what information the State Government has received about the posts which have been offered to such officers at the Centre

Shri Ajoy Kumar Mukherjee :

(a) One.

(b) Shri K. K. Ray, I.A.S. Commissioner for Home Affairs and Secretary, Home Department.

(c) Only one has been appointed as Joint Secretary, Ministry of Home Affairs, Delhi.

শ্রী যতীন চক্রবর্তী ঃ মন্ত্রী মহাশয় জানাবেন কি, কেন্দ্রীয় সরকারের হোম ডিপার্টমেন্টে এই অফিসারকে অ্যাপয়েন্টমেন্ট দেবার আগে পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে পরামর্শ করা হয়েছিল কিনা?

শ্রী অজয় কুমার মুখোপাধ্যায় ঃ তাঁরা চেয়েছিলেন একে পাঠিয়ে দিন এবং আমরা পাঠিয়ে দিয়েছি।

শ্রী যতীন চক্রবর্তী ঃ কেন্দ্রীয় সরকার কি আপনার সরকারকে একথা জানিয়েছিলেন যে, কেন্দ্রীয় সরকারের হোম ডিপার্টমেন্টে তাঁকে নিযুক্ত করবেন?

শ্রী অজয় কুমার মুখোপাধ্যায় ঃ না। সেন্ট্রাল সার্ভিসে চেয়েছেন।

শ্রী সুবোধ সেন ঃ মন্ত্রী মহাশয় এই অফিসার সম্পর্কে বলবেন কি, যে পশ্চিমবাংলায় যুক্তফ্রন্ট সরকার গঠিত হবার পর থেকে নানারকম অভিযোগ নানাভাবে সরকারের কাছে পৌঁছে দেওয়া হচ্ছে, কাজেই সেই পরিপ্রেক্ষিতে, কেন্দ্রীয় সরকার যাতে তাঁকে হোম ডিপার্টমেন্ট নিযুক্ত না করেন সে সম্পর্কে কিছু বলেছেন কিনা?

শ্রী অজয় কুমার মুখোপাধ্যায় ঃ না।

শ্রী সুবোধ সেন ঃ কে. কে. রায় কি দিল্লিতে বঙ্গ ভবনে আছেন?

শ্রী অজয় কুমার মুখোপাধ্যায় ঃ আমি বলতে পারিনা। তবে মনে হয় না, বঙ্গভবনে থাকার কথা নয়।

শ্রী সত্যপ্রিয় রায় ঃ তিনি কি সুবাদে সেখানে আছেন?

মিঃ চেয়ারম্যান ঃ উনি বলেছেন আমি জানিনা।

শ্রী সত্যপ্রিয় রায় ঃ আমার প্রশ্ন হচ্ছে তিনি বঙ্গ ভবনে আছেন কিনা?

মিঃ চেয়ারম্যান ঃ উনি বলেছেন আমি জানিনা।

শ্রী সত্যপ্রিয় রায় ঃ আমি জানি তিনি সেখানে আছেন।

মিঃ চেয়ারম্যান ঃ আপনি বললে হবেনা।

শ্রী হেমন্তকুমার বসু ঃ তিনি সেখানে আছেন। তবে নোটিস না দিলে বলতে পারব না যে তিনি সেখানে কোন সুবাদে আছেন।

শ্রী সুবোধ সেন ঃ তিনি কি সেখানে পশ্চিমবাংলা সম্পর্কে রিপোর্ট করবার জন্য আছেন?

শ্রী অজয় কুমার মুখোপাধ্যায় ঃ এই প্রশ্ন আসে না।

শ্রী যতীন চক্রবর্তী ঃ মন্ত্রী মহাশয় জানাবেন কি এখানকার যুক্তফ্রন্ট সরকারের বিরুদ্ধে যাতে কোনও খবর-টবর সংগ্রহ করা যায়, তারজন্যই কি কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে তাঁকে নিয়ে যাওয়া হয়েছে?

শ্রী অজয় কুমার মুখোপাধ্যায় ঃ এসব আমি কিছু জানিনা।

শ্রী নির্মল চন্দ্র ভট্টাচার্য্য ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন, যে ফাইনান্স কমিশনার এবং হোম ডিপার্টমেন্টের কমিশনার হিসাবে শ্রী কে. কে. রায় অসাধারণ যোগ্যতা দেখিয়েছেন?

শ্রী অজয় কুমার মুখোপাধ্যায় ঃ যোগ্যতা নিশ্চয় দেখিয়েছেন, অযোগ্য বলে আমি মনে করি না।

শ্রী যতীন চক্রবর্ত্তী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন, আমাদের পশ্চিমবাংলার যিনি মুখ্য সচিব—চিফ সেক্রেটারি, তিনি তদ্বির করে কেন্দ্রীয় সরকারের কাছে এই পোস্টটি তাঁর জন্য যোগাড় করে দিয়েছেন?

শ্রী অজয় কুমার মুখোপাধ্যায় ঃ আমার জানা নেই।

শ্রী সুবোধ সেন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, এটা আমি শুনেছি, এই ভদ্রলোককে যখন সি.এম.পি.ও.তে অ্যাপয়েন্টমেন্ট দেবার কথা ওঠে তখন তিনি ৪ মাসের ছুটি চান, অথচ এই ৪ মাসের মধ্যে কেন্দ্রীয় সরকার তাঁকে অ্যাপয়েন্টমেন্ট দিলেন, কি সুবাদে দিলেন?

শ্রী অজয় কুমার মুখোপাধ্যায় ঃ কেন্দ্রীয় সরকারকে প্রশ্ন করুন।

শ্রমিক ছাঁটাই, লক আউট ও ঘেরাও

***১৫। শ্রী নির্মল বসু ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১লা মার্চ, ১৯৬৬ হইতে ৩১শে মে, ১৯৬৬, পর্যন্ত এই সময়ের মধ্যে পশ্চিমবঙ্গে—

(১) বিভিন্ন শিল্পে মোট কত শ্রমিক ছাঁটাই হয়,

(২) কয়টি শিল্পপ্রতিষ্ঠানে লক-আউট ঘোষিত হয়, এবং

(৩) কতগুলি প্রতিষ্ঠানে শ্রমিকদের দ্বারা মালিকপক্ষের ব্যক্তিদের ঘেরাও করা হয়; এবং

(খ) ১লা মার্চ ১৯৬৭ হইতে ৩১শে মার্চ, ১৯৬৭ পর্যন্ত, এই সময়ের মধ্যে পশ্চিমবঙ্গে উপরোক্ত তিনটি বিষয়ের পরিসংখ্যানই বা কি?

শ্রী সুবোধ ব্যানার্জি ঃ

(ক) (১) ৯৩৬ জন।

(২) ১৯টি,

(৩) তথ্য জানা নাই।

(খ) যথাক্রমে ৬৫৫, ৬ এবং ৩১।

শ্রী নির্মল বোস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় যা বললেন তাতে গত বছর তিন মাসে যে তথ্য এ বছর এক মাসেই প্রায় সেইরকম তথ্য হয়েছে। অর্থাৎ গত বছর

তিন মাসে যেখানে ৯৩৬ জন শ্রমিক ছাঁটাই হয় এ বছর এক মার্চ মাসেই ৬৫৫ জন শ্রমিক ছাঁটাই হয়েছে। আর লক আউট যেখানে গত বছর তিন মাসে হয়েছে ১৯ এ বছর এক মাসে হয়েছে ৩১। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই তিন মাসে অর্থাৎ এই বছর ১লা মার্চ থেকে ৩১শে মে পর্যন্ত তিন মাসে কত শ্রমিক ছাঁটাই, লক আউট হয়েছে?

শ্রী সুবোধ ব্যানার্জি ঃ প্রশ্ন ছিল ৩১শে মার্চ পর্যন্ত, তা আমি দিয়েছি। আপনি যদি চান ৩১শে মে পর্যন্ত তাও আমি তৈরি হয়ে এসেছি, দিতে পারি। উনি যে সাপ্লিমেন্টারি করলেন তাতে তিন মাসে হচ্ছে ১২৩৩, ৩১৩, ২৯। করেসপন্ডিং ফিগারটা হবে ১২৩৩ ছাঁটাই, লক আউট ২৯, আর টোট্যাল নাম্বার অব ঘেরাও ৩১৩।

শ্রী নির্মল ভট্টাচার্য্য ঃ মাননীয় মন্ত্রী মহাশয় ছাঁটাই এবং লক আউট সম্বন্ধে যে তথ্য দিলেন তা খুব যত্নের সঙ্গে সংগ্রহ করেছেন দেখতে পেলাম। আমার প্রশ্ন হল, শিল্প প্রতিষ্ঠানে শ্রমিকদের দ্বারা কতজন মালিক ঘেরাও হয়েছেন বলবেন কি?

শ্রী সুবোধ ব্যানার্জি ঃ গত বছরের হিসাব আমি দিতে পারবনা, কারণ গত বছর এভাবে হিসাব রাখা হোত না।

শ্রী নির্মল ভট্টাচার্য্য ঃ এবারে কত হয়েছে বলবেন কি?

শ্রী সুবোধ ব্যানার্জি ঃ ৩ মাসে ৩১৩টি।

Mr. Chairman : Answer to question *16 will be laid on the table as the honourable member concerned is not present.

Starred Question 16

(To which written answer was laid on the table)

Industrial Estate for Purulia District

***16. Shri Dhirendra Nath Bhattacharya :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state if the Government have any scheme of setting up an Industrial Estate in the District of Purulia ?

Minister-in-charge of the Commerce & Industries Deptt. :

Govt. have decided to establish an Industrial Estate in the district of Purulia and necessary steps are being taken to that effect.

Looting of rice at the ferry-ghat of Gooptipara

***17. Shri Nirmal Chandra Bhattacharyya :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) if a mob of about 500 people had loted about 200 maunds of rice from a truck at the ferryghat at Gooptipara on Friday, the 16th of June;

(b) if any of the miscreants have been arrested in this connection ?

শ্রী অজয় কুমার মুখোপাধ্যায় ঃ

(a) হ্যাঁ।

(b) ৬ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

[3-20 — 3-30 p.m.]

শ্রী নির্মল চন্দ্র ভট্টাচার্য্য ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, জানাবেন কি, যে ভবিষ্যতে যাতে এই ঘটনা না হয় সেই বিষয়ে কি ব্যবস্থা করেছেন?

শ্রী অজয় কুমার মুখোপাধ্যায় ঃ চেষ্টা করা যাবে।

শ্রী সন্তোষ কুমার ভট্টাচার্য্য ঃ এই ঘটনা ঘটল ১৫ই জুন তারিখে। এখন আমার প্রশ্ন হচ্ছে, মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে আমাদের জানাবেন যে ঐ সময় গুপ্তিপাড়া অঞ্চলে হুগলিতে চালের অবস্থা কি ছিল, তখন খোলাবাজারে চাল পাওয়া যাচ্ছিল কিনা, এবং যদি পাওয়া যায় তাহলে চালের দাম কি ছিল. সেই অবস্থাটা জানাবেন কি?

শ্রী অজয় কুমার মুখোপাধ্যায় ঃ যেটুকু তথ্য পেয়েছি আমি **বলছি**। ১৫.৬.৬৭ তারিখে সন্ধ্যা ৭টা নাগাদ একটি লরি পারমিট সহ ৭৪.০৫ কুইন্টাল চাল অর্থাৎ ১শত বস্তা নিয়ে বর্দ্ধমান থেকে শান্তিপুর আসার পথে গুপ্তিপাড়া ফেরি ঘাটে থামে। এই খবর পেয়ে নিকটবর্তী চরসুলতানপুর, জেলেপাড়া ও সুলতানপুর গ্রাম থেকে স্ত্রীলোক ও শিশুসহ প্রায় ৪।৫ শত লোক সেই সময় জড়ো হয়। লরিটি উপরোক্ত গ্রামে নিয়ে চাল দুষ্প্রাপ্যের অজুহাতে এই চাল জোরকরে তারা নিজেদের মধ্যে ভাগ বাটোয়ারা করেছিল। খবর পেয়ে সদর পুলিশ, স্থানীয় পুলিশ সহ ঘটনা

স্থলে আসে এবং সংশ্লিষ্ট গ্রামগুলিতে হানা দিয়ে ৬.৪০ কুইন্টাল চাল উদ্ধার করে। এই ঘটনার নেতৃত্ব করেছিল এমন ৬ ব্যক্তিকে গ্রেপ্তার করে কোর্টে চালান দেওয়া হয়। এ সম্পর্কে ভারতীয় দন্ডবিধির ১৪৭এর ৩২৩ ধারা অনুযায়ী কলকাতার থানায় ১৬.৬.৬৭ তারিখে ২৩ নম্বর মামলা দায়ের করা হয়। মামলাটি বর্তমানে তদন্তাধীন আছে।

শ্রী সন্তোষ কুমার ভট্টাচার্য্য ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই যে report এসেছে কারা এটা পাঠিয়েছেন, এটা বলবেন কি?

শ্রী অজয় কুমার মুখোপাধ্যায় ঃ এটা আমাকে পাঠিয়েছেন স্বরাষ্ট্র সচিব।

শ্রী সন্তোষ কুমার ভট্টাচার্য্য ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যেটা বললেন বা পড়লেন যে রিপোর্ট হোম সেক্রেটারি দিয়েছেন। চাল দুষ্প্রাপ্যতার অজুহাতে অর্থাৎ এখানে এই অজুহাত কথাটা আপনি একটু লক্ষ্য করবেন। এটা খুব গুরুত্বপূর্ণ। অজুহাত এই কথাটা ব্যবহার করেছেন, এটা কোন সূত্র থেকে হোম সেক্রেটারি মহাশয় সংগ্রহ করেছেন, সেটা অনুগ্রহ করে বলবেন কি?

মিঃ চেয়ারম্যান ঃ উনি কি করে বলবেন।

শ্রী বিশ্বনাথ মুখার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই চালটা সরকারী চাল না কোনও ব্যক্তিগত প্রাইভেট চাল, এটা জানাবেন কি?

মিঃ চেয়ারম্যান ঃ সরকারী চাল।

শ্রী অজয় কুমার মুখোপাধ্যায় ঃ না পারমিট নিয়ে গিয়েছিল।

শ্রী বিশ্বনাথ মুখার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে এটা কি সরকারী চাল আনার জন্য পারমিট, না ব্যক্তিগত চাল আনার পারমিট সেটা জানাবেন কি?

শ্রী অজয় কুমার মুখোপাধ্যায় ঃ বলতে পারবনা যে প্রাইভেট লোক সরকারের কাছ থেকে পারমিট নিয়েছিল, না সরকারের চাল আনার জন্য পারমিট নিয়েছিল।

শ্রী বিশ্বনাথ মুখার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, এটা জানাবেন কি, কারণ আমার কথা হচ্ছে শান্তিপুরে জমি থাকলে এখানে চাল আনার পারমিট পেতে পারে, এটা বলবেন কি?

শ্রী অজয় কুমার মুখোপাধ্যায় ঃ পেতে পারে, জমি থাক বা ব্যবসা থাক পারমিট পেতে পারে। তবে সেটা কার বলতে পারবনা।

শ্রী যতীন চক্রবর্তী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ঐ ৫ শত লোক ওখানে জড়ো হয়েছিল। যাদের মধ্যে বহু স্ত্রীলোক ছিল এবং বহু শিশুও ছিল এবং উনি বললেন report-এ আছে যে চালের দুষ্প্রাপ্যতার অজুহাতে এই লোকগুলি জড়ো হয়েছিল। এখন আমার প্রশ্ন হচ্ছে যে মাননীয় মন্ত্রী মহাশয়, বলবেন কি সেই অজুহাতটা সত্য কি না?

শ্রী অজয় কুমার মুখোপাধ্যায় ঃ আমি কি করে বলব।

শ্রী যতীন চক্রবর্তী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে সেখানে সত্যি সত্যি চালের দুষ্প্রাপ্যতা হয়েছিল কিনা?

মিঃ চেয়ারম্যান ঃ সেটা এন্‌কোয়ারি করতে হবে।

শ্রী সত্যপ্রিয় রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ঐ যে চাল যখন বন্টন করা হল। তারজন্য কি কোনও দাম দেওয়া হয়েছিল?

শ্রী অজয় কুমার মুখোপাধ্যায় ঃ না।

বিধানসভার গ্রন্থাগারের গ্রন্থতালিকা মুদ্রণ

***১৮। শ্রী নির্মাল্য বাগচী ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিধান সভার গ্রন্থাগারের গ্রন্থ-তালিকা মুদ্রণের জন্য ১৯৬০ সালের কবে সরকারী মুদ্রণালয়ে পৌঁছাইয়াছে;

(খ) উহা এতদিনেও মুদ্রিত না হওয়ার কারণ কি;

(গ) উহা কবে প্রকাশিত হইবে বলিয়া মনে হয়; এবং

(ঘ) ১৯৬০ সালের পরবর্তী কালে যে সব গ্রন্থ গ্রন্থাগারে সংগৃহীত হইয়াছে, তাহাদের নাম সন্নিবেশিত করার কোনও ব্যবস্থা হইবে কি?

শ্রী সুশীল কুমার ধাড়া ঃ

(ক) ১৯৬০ সালে বিধানসভার গ্রন্থাগারের কোনও গ্রন্থ তালিকা সরকারী মুদ্রণালয়ে মুদ্রণের জন্য পৌঁছায়নি।

(খ) এক্ষেত্রে প্রশ্ন ওঠেনা।

(গ) এর এই প্রশ্নও ওঠেনা।

(ঘ) ১৯৬০ সালের পর যেসব গ্রন্থ গ্রন্থগারে সংগ্রীহিত হইয়াছে তার নাম গ্রন্থ তালিকায় সন্নিবেশিত করিবার জন্য সংশ্লিষ্ট দপ্তরে যথাযথ চেষ্টা করিবেন। মুদ্রণের জন্য সরকারী মুদ্রাণালয়ে প্রেরণ হলে গ্রন্থ তালিকা মুদ্রিত হইবে।

শ্রী নির্মাল্য বাগচী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, এই গ্রন্থ তালিকা সরকারী মুদ্রণালয়ে কবে পাঠান হয়েছে?

শ্রী সুশীল কুমার ধাড়া ঃ সরকারী মুদ্রণালয়ে ১৯৬০ সালের যে তালিকা এই তালিকার কথা বললেন সেই তালিকা বিভিন্ন সময়ে গেছে। এ যাবত প্রথম দফায় ২.২.৬১ তারিখে, দ্বিতীয় দফায় ৪ ৮.৬২, তৃতীয় দফায় ৮.৭.৬৩ এবং চতুর্থ দফায় এবং শেষ দফায় ২৮.৫.৬৫ তারিখে গ্রন্থ তালিকার পাণ্ডুলিপি বিধানসভার দপ্তর থেকে মুদ্রণালয়ে পাঠান হয়েছে।

শ্রী নির্মাল্য বাগচী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে, বিধানসভা সেক্রেটারিয়েটের এই গ্রন্থ তালিকা কি সরাসরি মুদ্রণালয়ে পাঠান হয়েছে, না সংশ্লিষ্ট বিভাগে প্রথমে পাঠান হয়েছে?

শ্রী সুশীলকুমার ধাড়া ঃ এটা ঠিক বলতে পারব না। কারণ, আমার ঠিক জানা নেই। তবে যতদূর মনে হয় বিভাগ দিয়ে যাওয়া উচিত। আমরা মুদ্রণালয় থেকে এইরকম কোনও রিপোর্ট পাইনি।

শ্রী নির্মাল্য বাগচী ঃ মন্ত্রী মহাশয় বলছেন, সম্ভবত বিভাগ দিয়ে পাঠান হয়েছে। তাহলে এটা লক্ষ্য করবেন কি ২-২-৬১ তারিখে মুদ্রণালয়ে যায়, তার মানে ২-২-৬১ তারিখের আগে বিধানসভা সেক্রেটারিয়েট বিভাগে পাঠিয়েছেন, যেটা ১৯৬০ সালের মধ্যে পড়ে?

শ্রী সুশীলকুমার ধাড়া ঃ আমি তো বললাম ২-২-৬১ তারিখে প্রথম পাওয়া গিয়েছে।

শ্রী নির্মাল্য বাগচী ঃ তাহলে এই যে বিধানসভা গ্রন্থাগারের গ্রন্থতালিকা পাঠান হয়েছে এবং বারে বারে পাঠান হয়েছে ১৯৬৫ সাল পর্যন্ত, কিন্তু এখনও পর্যন্ত ছাপা হয়ে আসেনি কেন?

শ্রী সুশীল কুমার ধাড়া ঃ আজ পর্যন্ত দু'ফর্মা ছাপানো হয়েছে। ভলিউম — ওয়ান এবং ভলিউম — টু ছাপানো হয়েছে। কিন্তু যখন এগুলি ছাপানো হল তখন বিধানসভা থেকে একটি আদেশে বলা হল, এটা প্রুফ আকারে রাখতে, এটা এখন ছাপানো হবে না। কারণ, ছাপানো নাকি সমস্ত বইয়ের একসঙ্গে হবে। এই দুটো যে ছাপানো হয়েছিল, সেটা এখন পড়ে আছে।

শ্রী নির্মাল্য বাগচী ঃ গ্রন্থ তালিকা না থাকার ফলে আমাদের গ্রন্থাগারে যে অসুবিধা দেখা যাচ্ছে, তা দূরীকরণে এই ছাপার ব্যাপার কিছুটা ত্বরান্বিত করতে পারেন কি?

শ্রী সুশীল কুমার ধাড়া ঃ দুটো ভলিউম তো ছাপা আছে আমি বলেছি। বিধানসভা সেক্রেটারিয়েট থেকে নির্দেশ দিয়েছিল এখন ছাপা হবে না বলে এবং সমস্ত বইয়ের একসঙ্গে ছাপা হবে। কাজেই এখন কি করার আছে।

শ্রী নির্মাল্য বাগচী ঃ এর পিছনে তাঁরা কি যুক্তি দিয়েছেন?

শ্রী সুশীল কুমার ধাড়া ঃ যুক্তির সঙ্গে আমাদের সম্পর্ক নেই। ওঁরা যদি না বলেন তাহলে আমরা ছাপাতে পারি না।

শ্রী নির্মাল্য বাগচী ঃ তাহলে ওঁরা যদি বলেন ছাপিয়ে দিতে পারেন?

শ্রী সুশীল কুমার ধাড়া ঃ নিশ্চয়। ছাপান হয়ে আছে। বাকিটা ওঁরা যখন বলবেন, তখন ছাপিয়ে দেব।

শ্রী গোপাল হালদার ঃ মন্ত্রী মহাশয় কি উপলব্ধি করেন যে, এইরকম ১৯৬১ থেকে ১৯৬৭ সাল পর্যন্ত যে লাইব্রেরির গ্রন্থ তালিকা নেই, সেই লাইব্রেরির গ্রন্থ ব্যবহার করা কতদূর অসুবিধাজনক?

শ্রী সুশীল কুমার ধাড়া ঃ সেটা আমার বিবেচ্য বিষয় নয়। লাইব্রেরি যাঁরা চালান, তাঁদের বিবেচ্য বিষয়।

শ্রী গোপাল হালদার ঃ এই সম্পর্কে মন্ত্রী মহাশয়ের বিভাগ কতটা দায়ী এবং তারসঙ্গে যিনি চেয়ারম্যান আছেন, তিনিই বা কতটা দায়ি, সেটা একটু ভেবে দেখা দরকার। তিনি কি হস্তক্ষেপ করে এমন কিছু করতে পারেন না, যাতে সদস্যারা লাইব্রেরী ভালভাবে ব্যবহার করতে পারেন?

মিঃ চেয়ারম্যান ঃ *আমার এক্সপ্ল্যানেশনটা দিয়ে নিই। আমি এটা যখন শুনেছি* ইমিডিয়েটলি অর্ডার দিয়েছি, ক্যাটালগ সমস্তটা দু'মাসের মধ্যে ছাপিয়ে দিতে হবে।

শ্রী নির্মাল্য বাগচী ঃ ধন্যবাদ স্যার। সেই আদেশ কি মন্ত্রী মহাশয় পেয়েছেন?

শ্রী সুশীল কুমার ধাড়া ঃ এই আদেশ আমরা এখনও পাই নি।

শ্রী গোপাল হালদার ঃ তাহলে চেয়ারম্যান যে আদেশ দিয়েছেন, সেটা কি এখনও পাঠান হয়নি? চেয়ারম্যান যে নির্দেশ দেন, সেটা কার্যকর হল কিনা সেটা দয়া করে দেখবেন কি?

(নো রিপ্লাই)

শ্রী নির্মল চন্দ্র ভট্টাচার্য্য ঃ মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, বিধানমন্ডলির যে গ্রন্থাগার তার সম্পূর্ণ ক্ষমতা স্পিকারের হাতে কিনা?

শ্রী সুশীল কুমার ধাড়া ঃ আমি জানি না এবং সেটা আমার বিষয় নয়।

Divisional Commissioners

***19. Shri Jatin Chakravorty :** Will the Minister-in-charge of the Home (G.A.) Department be pleased to state—

(a) how many "Divissional Commissioners" there are in the State;

(b) how many officers there are in the State of the rank of Divisional Commissioners;

(c) how many other officers there are at present in the State who have been enjoying equal pay with that of the Divisional Commissioners under the "next below rule";

(d) what amount of extra expenditure is being incurred by the State Government for the officers mentioned in (c) ;

(e) from which date the officers of the rank of Secretary to the Government are being paid a special pay of Rs.100 per month; and

(f) whether officers mentioned in (e) are also drawing the Dearness Allowance admissible to I.A.S. Officers ?

Shri Ajoy Kumar Mukhopadhyay :

(a) Three.

(b) Fourteen including three at (a) above.

(c) and (d) Nil

(e) 1st March, 1967.

(f) Yes.

[3-30 — 3-40 p.m.]

শ্রী যতীন চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি বুঝতে পারছি না সি এবং ডি-তে উনি নিল বলছেন কি করে? কারণ বহু অফিসার নেক্সট বিলো রুলে এক্সট্রা মাইনে পাচ্ছে, এখন তালিকা দিতে পারছি না, কাজেই আমি বুঝতে পারছিনা মন্ত্রী মহাশয় কি করে এই জবাব দিচ্ছেন?

শ্রী অজয় কুমার মুখোপাধ্যায় ঃ আগে হয়ত ছিল, এখন আর নাই।

শ্রী যতীন চক্রবর্তী ঃ নেক্সট বিলো রুলে যারা টাকা পাচ্ছিল এখনও পাচ্ছে, Nil জবাব দিচ্ছেন কি করে?

শ্রী অজয় কুমার মুখোপাধ্যায় ঃ ফোর্টিন হতে পারে।

শ্রী যতীন চক্রবর্তী ঃ আমার মনে হচ্ছে আমার প্রশ্নের জবাব ঠিকমত দিলেন না।

মিঃ চেয়ারম্যান ঃ বলুন আপনার কাছে ক্লিয়ার নয়।

শ্রী অজয় কুমার মুখোপাধ্যায় ঃ আমার নোট হচ্ছে নো অফিসার ইজ ড্রইং পে ইন দি নেক্সট বিলো রুল।

শ্রী যতীন চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এখন বলে রাখছি I am warning the Chief Minister that this information is not correct. To-morrow or day after tomorrow I will place the whole fact. কারা কারা পাচ্ছে সমস্ত আমার কাছে আছে I will place it before the House. আমার বক্তব্য হচ্ছে যে নোট দিয়েছে, সেটা ঠিক নয়।

শ্রী সত্যপ্রিয় রায় ঃ এটা প্রশ্ন নয়, যতীনবাবুর ইনফর্মেশন, লেট হিম প্লেস ফ্যাক্টস, কিন্তু আমি তাঁর "আই অ্যাম ওয়ার্নিং" কথার আপত্তি করছি।

শ্রী যতীন চক্রবর্তী ঃ আমি যে ওঁকে ধমক দিচ্ছি তা নয়, হেড মাস্টার হয়ে এইরকম কেন মনে করছেন? ওয়ার্নিং-এর অর্থ অনেকরকম আছে, আমি চিফ মিনিস্টারকে ধমক দিচ্ছি তাতো আর নয়, আমি তাঁর সম্মান দিতে চাই, আমি তাঁকে হুঁশিয়ার করে দিতে চাই যে খবর দেওয়া হয়েছে, তিনি যেটা পড়েছেন সেটা ঠিক নয়।

মিঃ চেয়ারম্যান ঃ তবে কথা হচ্ছে warning is not a happy word.

শ্রী যতীন চক্রবর্তী ঃ আমি যেটা বলতে চাইছি, সেটা হল he has been supplied with wrong information.

শ্রী অমূল্যচন্দ্র সরকার ঃ ওয়ার্নিং কথাটা প্রসিডিংস থেকে বাদ দেওয়া হোক।

পশ্চিমবঙ্গের চাল ও গমের বরাদ্দ

*২০। **শ্রী নির্মল বসু ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১লা মার্চ, ১৯৬৬ হইতে ৩১এ মে, ১৯৬৬, পর্যন্ত এই সময়ের মধ্যে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গকে কি পরিমাণ চাল ও গম দিয়াছেন;

(খ) ১লা মার্চ, ১৯৬৭ হইতে ৩১এ মে, ১৯৬৭ পর্যন্ত, এই সময়ের মধ্যে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গকে কি পরিমাণ চাল ও গম দিয়াছেন;

(গ) কেন্দ্রীয় সরকারের নিকট এই বৎসরের জন্য রাজ্যসরকার কি পরিমাণ চাল ও গম চাহিয়াছেন; এবং

(ঘ) কেন্দ্রীয় সরকার রাজ্যসরকারকে কি পরিমাণ চাল ও গম দিতে সম্মত হইয়াছেন?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ ঃ

(ক) চাল - ৩৭,৩৩০ মেট্রিক টন।
গম - ৩,৯৭,৫০৫ মেট্রিক টন।

(খ) চাল - ৫২,৫৭০ মেট্রিক টন।
গম - ২,০৩,১১৫ মেট্রিক টন।

(গ) চাল - ২,২৫,০০০ মেট্রিক টন।
গম - ১২,৭৫,০০০ মেট্রিক টন।

ইহা ব্যতিরেকেও ১৫,০০০ মেট্রিক টন ভাঙা চাউল (Broken Rice) পাঞ্জাব ও হরিয়ানা হইতে দিবার জন্য ভারত সরকারকে অনুরোধ করা হইয়াছে।

(ঘ) চাল - প্রতিমাসে ১৫,০০০ মেট্রিক টন।
গম - প্রতিমাসে ৭৫,০০০ মেট্রিক টন।

তদুপরি জুন মাসে যখন শ্রী জগজীবন রাম এসেছিলেন, এখানে তিনি বলেছিলেন, ৫ হাজার মেট্রিক টন মাইলো দেবেন, বাঁকুড়া পুরুলিয়ার জন্য আরও দু-হাজার টন দান হিসাবে, খয়রাতি সাহায্য হিসাবে গম দেবেন।

শ্রী নির্মল বসু ঃ মন্ত্রী মহাশয় যে তথ্য আমাদের দিলেন তাতে আমরা দেখছি গত বৎসর ৩ মাসে যে চাল দিয়েছিলেন এবারে ৩ মাসে তারচেয়ে একটু বেশি চাল দিয়েছেন — অর্থাৎ ১৫ হাজার ৫৭০ মেট্রিক টন দিয়েছেন। কিন্তু গম অনেক কম দিয়েছেন। গত বৎসর এই সময় দিয়েছিল ৩ লক্ষ ৯৭ হাজার ৫০৫ মেট্রিক টন এবং এবারে সেখানে পেয়েছি ২ লক্ষ ৩ হাজার ১১৫ মেট্রিক টন — অর্থাৎ গম আমাদের ১ লক্ষ ৯৪ হাজার ৩৯০ মেট্রিক টন কম দিয়েছেন। গম এবং চাল মিলিয়ে গত বৎসর কেন্দ্রীয় সরকার যা আমাদের দিয়েছিল এবারে তারচেয়ে ৮২ হাজার ৩৯০ মেট্রিক টন কম দিয়েছেন। এত কম দেবার কারণ কি তাঁরা বলছেন?

ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ ঃ তাঁরা বলছেন বিদেশ থেকে সেই পরিমাণ পাইনি।